

★ আমেরিকার অর্থনীতিবিদ আরভিন ফিশার অর্থের মূল্য ও দামস্তরের মধ্যে সম্পর্ক নির্ণয় করতে একটি তত্ত্ব প্রদান করেন। তাকে অর্থের পরিমাণ তত্ত্ব বা ফিশারীয় তত্ত্ব বলে। ফিশারের মতে দামস্তরের সাথে অর্থের মূল্যের সম্পর্ক বিপরীত। অর্থের মূল্য আবার নির্ভর করে অর্থের চাহিদা ও যোগানের উপর। অর্থের চাহিদা = PT । অর্থের যোগান = $MV + M^1V^1$

PT এ P = দামস্তর T = ক্রয়-বিক্রয়যোগ্য দ্রব্য সামগ্রী M = সরকারি মুদ্রা V = সরকারি মুদ্রার প্রচলন গতি


M^1 = ব্যাংক সৃষ্টি মুদ্রা V^1 = ব্যাংক সৃষ্টি মুদ্রার প্রচলন গতি।

ভারসাম্য অবস্থা $PT = Mv + M^1V^1$

$$\text{বা } P = \frac{MV + M^1V^1}{T}$$

ফিশারের মতে, স্বল্পকালে VV^1 ও T অপরিবর্তিত থাকে। M ও M^1 যে হারে বৃদ্ধি করা হয় দামস্তর ঠিক একই হারে বৃদ্ধি হয়। দামস্তর যে হারে বৃদ্ধি পায়, অর্থের মূল্য একই হারে হ্রাস পায়।

বিষয়টি নিম্নে চিত্রের সাহায্যে ব্যাখ্যা করা হল:



চিত্রে দেখা যায়, অর্থের যোগান M_0 থেকে M_1 ও M_2 তে বৃদ্ধি করা হলে দামস্তর P_0 থেকে P_1 ও P_2 তে বৃদ্ধি পায়। দামস্তর যে হারে বৃদ্ধি পায়, অর্থের মূল্য ঠিক একই হারে হ্রাস পায়। বিপরীত দিকে, দামস্তর যে হারে হ্রাস পায়, অর্থের মূল্য ঠিক একই হারে বৃদ্ধি পায়। অর্থের মূল্য ও দামস্তর সম্পর্কিত এ বক্তব্যই ফিশারীল বক্তব্য।